তোমার জিহ্বা যেন সর্বদা আল্লাহর জিকিরে সিক্ত থাকে

আবদুল্লাহ ইবনু বুসর রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলল, হে আল্লাহর রাসূল! ইসলামের বিধানসমূহ আমার ওপর অনেক বেশি হয়ে গেছে। একটি পরিপূর্ণ অধ্যায় আছে কি যেটা আমি দৃঢ়ভাবে আঁকড়ে ধরতে পারি? তিনি বললেন: "তোমার জিহ্বা যেন সর্বদা আল্লাহর জিকিরে সিক্ত থাকে।" অন্য বর্ণনায় মু‘আয ইবন জাবাল রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত: তিনি
বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছ থেকে আমি যখন বিদায় নেই,
তখন আমি তাঁকে জিজ্ঞেস করেছিলাম: ‘কোন আমল সর্বোত্তম এবং আল্লাহর সবচেয়ে
নিকটবর্তী?’ তিনি বললেন: “তুমি এমন অবস্থায় মৃত্যু বরণ করো— যখন তোমার জিহ্বা
আল্লাহ তাআলার জিকিরে ভিজে থাকে”। [সহীহ] [এটি আহমাদ, তিরমিযী, ইবন মাজাহ ও ইবন হিব্বান বর্ণনা করেছেন।]

একজন লোক নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের নিকট অভিযোগ করল যে, নফল ইবাদত তার ওপর এতো বেশী হয়ে গেছে যে তিনি তার দুর্বলতার কারণে সেগুলো পালনে অক্ষম হয়ে পড়েছেন। তারপর নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাকে অটল থাকা ও আঁকড়ে ধরার জন্য বেশী সাওয়াব আনয়নকারী কিছু অল্প আমলের নির্দেশ করলেন। তাই তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাকে সর্বদা আল্লাহ তা‘আলার যিকিরের দ্বারা তার জিহ্বা নরম এবং তাজা রাখতে নির্দেশ করেছেন; যেমন তাসবীহ পাঠ করা, তাহমীদ পাঠ করা, ইস্তেগফার করা, দোয়া করা প্রভৃতি।

http://www.sunnah.global/hadeeth/bn/show/66541